দৈনিক ইত্তেফাক

তারিখ ..... 30 MAY 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ......

# তামান্নার উচ্চ শিক্ষা নিয়ে শঙ্কা কেটে গেছে

■ কাপাসিয়া (গাজীপুর) সংবাদদাতা

চলতি বছর জিপিএ-৫ পেয়ে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ গাজীপুরের কাপাসিয়ার মেয়ে তামান্নার উচ্চ শিক্ষা নিয়ে শঙ্কা কেটে গেছে। দৈনিক ইত্তেফাকে এ নিয়ে সংবাদ প্রকাশের পর গাজীপুরের জেলা প্রশাসক ড. দেওয়ান মোহাম্মদ হুমায়ুন কবিরের নির্দেশে মেধাবী তামান্নার শিক্ষার দায়িত্ব নিলেন কাপাসিয়ার উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাকসুদুল ইসলাম।

জানা যায়, উপজেলার তরগাঁও ইউনিয়নের মৈশন গ্রামের তাজউদ্দীন ও এমিলি বেগমের মেয়ে তামান্না। কিন্তু বাবা থেকেও নেই। তার বয়স যখন ১৮ মাস তখন তার বাবা-মার ছাড়াছাড়ি হয়ে যায়। দিগধা গ্রামের নানা বাড়িতে থেকে অন্যের বাড়িতে গৃহকর্মীর কাজ করে তামান্নার মা। চলতি বছর উপজেলার ফকির সাহাবুদ্দীন আদর্শ উচ্চ বিদ্যালয় থেকে জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হলেও অর্থাভাবে সে তার উচ্চ শিক্ষা নিয়ে শঙ্কিত হয়ে পড়ে। এ বিষয়ে গত ২৫ মে দৈনিক ইত্তেফাকে সংবাদ প্রকাশের পর বিষয়টি গাজীপুরের জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করে। তিনি কাপাসিয়ার উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাকসুদুল ইসলামকে মেয়েটির পড়ালেখার যাবতীয় ব্যয়ভার বহনের নির্দেশ দেন। এরপর গতকাল সোমবার বিকালে উপজেলা নির্বাহী অফিসার তামান্নার নানাবাড়ি মৈশন গ্রামে উপস্থিত হয়ে কলেজে ভর্তি হবার জন্য প্রাথমিকভাবে নগদ পাঁচ হাজার টাকা প্রদান করেন। পরবর্তীতে প্রতিমাসে তার শিক্ষার খরচ প্রদানের আশ্বাস দেন। এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন ফকির সাহাবুদ্দীন আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোশাররফ হোসেন, দৈনিক ইত্তেফাকের কাপাসিয়া সংবাদদাতা এম আসাদুজ্জামান সাদ, স্থানীয় সাংবাদিক তপন বিশ্বাস, সমীর বণিক, মোঃ আঃ কাইয়ুম প্রমুখ।



কাপাসিয়া (গাজীপুর): মেধাবী শিক্ষার্থী তামান্নার হাতে অনুদান তুলে দেন ইউএনও মাকসুদুল ইসলাম -ইত্তেফাক